বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের কার্যক্রম সংক্রান্ত

বার্ষিক প্রতিবেদন ২০১৫

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বর্তমান সরকারের সময়ে ২০১৫ সালে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং এর প্রশাসনাধীন সংস্থার ইনোভেশন টিম কর্তৃক অর্জিত সাফল্যের প্রতিবেদন

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জানুয়ারি মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের মাসিক সমন্বয় সভায় চিফ ইনোভেশন অফিসার জনাব মাহমুদা মিন আরা, অতিরিক্ত সচিবের সভাপতিত্বে এবং অধীনস্থ সংস্থাসমূহের ইনোভেশন অফিসারের উপস্থিতিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের বার্ষিক প্রতিবেদন চূড়ান্ত করা হয়। বার্ষিক প্রতিবেদনটি নিম্নরূপ:

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়:

১। ইনোভেশন টিমের সভা: ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে এবং অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

২। কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা: কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির জন্য অত্র মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ তে অংশগ্রহণ: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত গত ৯ ফেব্রুয়ারি ২০১৫ থেকে ১২ ফেব্রুয়ারি ২০১৫ ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫-তে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় অংশ গ্রহণ করে এবং উক্ত মেলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কার্যক্রম আগত দর্শনার্থীগণের সন্মুখে উপস্থাপন করা হয়।

৪। একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন সাতটি দপ্তরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর: প্রধানমন্ত্রীর কার্যালয়ে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সাথে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন সাতটি দপ্তরের সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান গত ৯ ডিসেম্বর ২০১৫ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব জনাব আবুল কালাম আজাদ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ সিরাজুল হক খান উপস্থিত ছিলেন।

৫। ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়ন: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এতে মন্ত্রণালয়ের কাজের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে এবং কাগজের ব্যবহার কমে গেছে।

৬। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়সহ অধীনস্থ সংস্থাসমূহ নতুন ওয়েব পোর্টালে অন্তর্ভুক্তিকরণ: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনেক পূর্বেই জাতীয় তথ্য বাতায়নের অধীন নতুন ওয়েব পোর্টাল উদ্বোধন করা হয়। পরবর্তীতে মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে সকল অধীন সংস্থাসমূহকে ন্যাশনাল ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত করা হয়।

৭। Online application system on National Science & Technology Fellowship সফটওয়্যার প্রস্তুতকরণঃ Online application system on National Science & Technology Fellowship সফটওয়্যার এর মাধ্যমে অনলাইন সেবা চালু করার ফলে গবেষক ও ছাত্র-ছাত্রীরা ঘরে বসে অতি সহজে অনলাইনে ফেলোশিপের জন্য আবেদন করতে পারেন।

৮। মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নেটওয়ার্ক সংস্কারকরণ: মন্ত্রণালয়ের পুরনো নেটওয়ার্কের LAN ও Wi-Fi সংস্কার করায় মন্ত্রণালয়ে দাপ্তরিক কার্যাবলী সহজে সম্পন্ন করা সম্ভব হচ্ছে।

৯। সেবামুখী কার্যক্রম: অত্র মন্ত্রণালয়ের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণের ফলে মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিভিন্ন আদেশ, বিজ্ঞপ্তি, সার্কুলার ইত্যাদি কর্মকর্তা, গবেষক, ছাত্র-ছাত্রী এবং গবেষণামূলক প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে বিষয়টি জানতে পারছেন।

১০। মাল্টিমিডিয়ার ব্যবহার: মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রকল্পসমূহের মিটিং, দ্বিপাক্ষিক চুক্তি, প্রশিক্ষণ সহজে উপস্থাপন করার জন্য মাল্টিমিডিয়ার ব্যবহার প্রবর্তন করা হয়েছে।

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন:

১। জাতীয় ওয়েব পোর্টালের আদলে বাপশক ওয়েব পোর্টাল তৈরীর লক্ষ্যে গত ১২/০১/২০১৫ তারিখে টাস্ক ফোর্স পুনর্গঠন করা হয়।

২। গত ৯-১২ ফেব্রুয়ারি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৫ মেলায় অংশগ্রহণ। উক্ত মেলা চলাকালে ৪ দিনে প্রায় ৩০০০ বুকলেট বিতরণ ও কমিশনের কার্যক্রমের উপর ডকুমেনটারী প্রর্দশন করা হয়।

৩। গত ১২/০৪/২০১৫ তারিখে A2I এর সাথে মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত বিশেষ সভায় ইনোভেশন টিমের প্রতিনিধি অংশগ্রহণ করেন।

৪। গত ২৩/০৪/২০১৫ তারিখে A2I প্রোগ্রামের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে বাপশক সংশ্লিষ্ট কর্মকর্তাদের মত বিনিময় সভার আয়োজন করা হয়।

৫। গত ২৭/০৫/২০১৫ তারিখে কমিশনের ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়।

৬। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের জন্য নতুন ডোমেন www.baec.gov.bd রেজিস্ট্রেশন করা হয় এবং ন্যাশনাল ওয়েব পোর্টালের আদলে নতুনভাবে তৈরীকৃত বাপশক ওয়েবসাইটটি ন্যাশনাল ওয়েব পোর্টালের সাথে সংযুক্ত করা হয়েছে। বাংলাদেশ পরমানু শক্তি কমিশনের কার্যক্রমের উপর নির্মিত স্বল্প দৈর্ঘ্যের অডিও-ভিজ্যুয়াল ডকুমেনটারী ওয়েব সাইটে সকলের জন্য উন্মুক্ত করা হয়েছে।

৭। A2I এর সাথে বাংলাদেশ পরমানু শক্তি কমিশনের সমঝোতা স্মারকের (MoU) খসড়া পর্যালোচনা করা হয় এবং ০৯/১২/২০১৫ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়।

৮। ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলায়েড সাইন্সের সেবা কার্যক্রম অনলাইনে জনগনের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সফটওয়্যারের কারিগরী বিবরণ প্রস্তুতের জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশের বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর):

১। সভা: ২০১৫ সালে বিসিএসআইআরের ইনোভেশন টিমের ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে।

২। ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৫: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৫' প্রোগ্রামে বিসিএসআইআর অংশগ্রহণ করে এবং এ প্রোগ্রামে প্রদর্শনের জন্য বিসিএসআইআরের বিভিন্ন ইউনিট ও ইনস্টিটিউট হতে প্রকাশিত লিফলেট ও ব্রশিওর (৫০০ কপি) সংগ্রহের জন্য পত্র জারী করে তা প্রোগ্রামস্থলে সরবরাহ করা হয়েছে। বিসিএসআইআর -এর বিভিন্ন গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের ভিডিও এডিটিং করে ২মিনিট ও ৫ মিনিট ব্যাপ্তিকালের ডকুমেন্টারি তৈরী করে তা প্রদর্শন করা হয়েছে। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন করা হয়েছে।

৩। ICT Section স্থাপন: বিসিএসআইআরের একটি ICT Section স্থাপনের প্রস্তাব ইতিপূর্বে অর্গানোগ্রামে সংযুক্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। মন্ত্রণালয়ের নির্দেশে তা রিভাইজ করা হচ্ছে।

৪। ওয়েবসাইট নতুনভাবে তৈরী, হালনাগাদকরণ ও আকর্ষণীয়করণ: গত ২৭/০৫/২০১৫ তারিখে জাতীয় তথ্য বাতায়নের আদলে প্রস্তুতকৃত বিসিএসআইআরের নতুন ওয়েবসাইট চালু করা হয়েছে। বিসিএসআইআরের ওয়েবসাইট হালনাগাদ করা/রাখার লক্ষ্যে

বিসিএসআইআরের পরিষদ ও বিভিন্ন ইউনিট হতে একজন করে কর্মকর্তা নিয়ে একটি কমিটি করা হয়েছে। বর্তমানে ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখা হচ্ছে।
৫। বিসিএসআইআরের প্রদত্ত বিভিন্ন সেবা অনলাইন করণ: বিসিএসআইআর প্রদত্ত এনালাইটিক্যাল সেবা অনলাইন করার উদ্যোগ নেয়া হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় তা উদ্বোধন করেছেন।
৬। ওয়েব মেইল চালুকরণ: বিসিএসআইআর-এর ১০৬ জন বিজ্ঞানী ও কর্মকর্তার ওয়েবমেইল চালু করা হয়েছে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর:

১। বিজ্ঞান মনস্ক জাতি গঠনের লক্ষ্যে বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর তার নিজস্ব ওয়েবসাইট (www.nmst.gov.bd) এর মাধ্যমে অনলাইনে নাগরিক সেবা দিয়ে যাচ্ছে। সেবাগুলো হলো:
(ক) বিগত ২০১৫ সালে ঢাকা শহরের স্কুল-কলেজের শিক্ষার্থীদের জাদুঘরের বাসের মাধ্যমে জাদুঘর পরিদর্শনের জন্য ফ্রি পরিবহন সুবিধা প্রাপ্তির আবেদন পদ্ধতি চালু করা হয়েছে;
(খ) বিজ্ঞানকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার উদ্দেশ্যে ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর জন্য **মিউজুবাস** চেয়ে আবেদন করার জন্য চাহিদা ফরম আপলোড করা হয়েছে;
(গ সারাদেশে বিজ্ঞান সংগঠক তৈরির উদ্দেশ্যে **বিজ্ঞান ক্লাব নিবন্ধনের আবেদন ফরম** আপলোড করা হয়েছে;
(ঘ) নাগরিকদের কাছ থেকে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তির জন্য **অভিযোগ ফরম** আপলোড করা হয়েছে;
উপরোক্ত ফরমগুলো অনলাইনে পূরণ করা যাচ্ছে। ফলে নাগরিক সেবা সহজীকরণ হয়েছে এবং বিজ্ঞান জাদুঘরের কার্যক্রম গতিশীল হচ্ছে।
২। জাদুঘর প্রাঙ্গনে Free Wi-Fi Zone করা হয়েছে। ফলে জাদুঘরে আগত দর্শনার্থীরা বিনামূল্যে Internet ব্যবহার করার সুযোগ পাচ্ছে।
৩। বিগত ১৬/০৮/২০১৫ তারিখে জাদুঘরের ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়েছে। বর্তমানে ইনোভেশন টিমের সদস্য সংখ্যা ৯ (নয়) জন।
ইনোভেশন টিমের আওতায় নিম্নবর্ণিত প্রকাশনাগুলো বের করা হয়েছে।
(ক) কেন্দ্রীয় পর্যায়ে ৩৫তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে অংশগ্রহণকারী প্রতিযোগীদের উপস্থাপিত প্রকল্পের প্রতিবেদন;
(খ) ২ (দুই)টি ত্রৈমাসিক প্রকাশনা **নবীন বিজ্ঞানী**;
(গ) লিফলেট
৪। ৩৬ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে পুরস্কার প্রাপ্ত উদ্ভাবনসমূহ অধিকতর উন্নয়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে
৫। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মাসিক প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
৬। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের কর্মকর্তা/কর্মচারীদের কম্পিউটার ব্যবহার ও ইন্টারনেট ব্যবহারের উপর প্রশিক্ষণ এবং ইনহাউজ ট্রেনিংয়ের ব্যবস্থা করা হয়েছে।
৭। দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
৮। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে ডিজিটাল মেলায় জাদুঘরের কর্মকান্ডের উপর ভিডিও চিত্র প্রদর্শন করা হয়েছে এবং জাদুঘর সংক্রান্ত লিফলেট বিতরণ করা হয়েছে।
৯। A2I-এর সহযোগিতায় ওয়েব পোর্টাল আপলোড করা হয়েছে এবং এর আপগ্রেডেশন চলমান আছে।
১০। প্রধানমন্ত্রীর কার্যালয়ের A2I প্রোগ্রামের সাথে ইনোভেশন সংক্রান্ত কাজে সহযোগিতার জন্য একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে এবং সমঝোতা স্মারকের সিদ্ধান্তের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ প্রক্রিয়াধীন।
১১। প্রতিমাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক):

১। ব্যান্সডকে ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে।
২। ব্যান্সডকের নিজস্ব জনবল দিয়ে ব্যান্সডকে সংরক্ষিত বই থেকে ১৩টি এবং পরমাণু শক্তি কমিশন থেকে পিডিএফ আকারে প্রাপ্ত বই থেকে ১৪৪টি মোট ১৫৭টি বই ই-বুকে রূপান্তরিত করে সংস্থার ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে।
৩। সারাদেশের সরকারি বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান সমূহের গ্রন্থাগারিক ও গ্রন্থাগারে সংশ্লিষ্ট কর্মকর্তাদের ই-বুক প্রস্তুত বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০১৫ সনে ২টি ব্যাচে মোট ৪২ জনকে উক্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
৪। প্রত্যেক মাসেই সংস্থার ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করা হয়েছে।
৫। ব্যান্সডক থেকে সংগৃহীত ডকুমেন্টের সরকারি মূল্য বিকাশের মাধ্যমে অনলাইনে পরিশোধের ব্যবস্থা চালু করা হয়েছে।
৬। সংস্থার জন্য ফেসবুক একাউন্ট খোলা হয়েছে।
৭। দৈনিক পত্রিকাসমূহে প্রকাশিত বিজ্ঞান বিষয়ক পপুলার ফিচার সমূহ সংগ্রহ করে ডাটাবেজে সংরক্ষণ করার ব্যবস্থা নেওয়া হয়েছে। ২০১৫ সনে মোট ৫০৭ টি কাটিং সংগ্রহ ও ডাটাবেজে আপলোড করা হয়েছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার:

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ই-সেবা হিসাবে ই-টিকেটিং চালু আছে।
২। নভোথিয়েটারের সকল প্রদর্শনী ও রাইড উপভোগের জন্য অত্যাধুনিক কম্পিউটারাইজড টিকেটিং ব্যবস্থা চালু আছে।
৩। নভোথিয়েটারের ওয়েবসাইট ন্যাশনাল পোর্টাল (http://novotheatre.portal.gov.bd) এর অধীনে সংযুক্ত করা হয়েছে এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা অব্যাহত আছে।
৪। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সেবা সহজীকরণের জন্য ভিতরে একটি টিকেট কাউন্টার স্থাপন করা হয়েছে।
৫। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সেবা সহজীকরণের জন্য মোবাইলে অ্যাপ চালু করা হয়েছে। (অ্যান্ড্রয়েড অ্যাপটি গুগল Playstore থেকে download করা যাবে। যে কোন স্মার্ট ফোন থেকে Playstore App টি Open করে **নভোথিয়েটার** লিখে search করলেই অ্যাপটি download ও install করা যাবে)
৬। আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রম বেগবান করার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের A2I এর সাথে গত ০৯.১২.২০১৫ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ:

১। ইনোভেশনের মাধ্যমে রেগুলেটরী সেবার মানোন্নয়ন: গত ৯ ডিসেম্বর ২০১৫ খ্রি. তারিখে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর অধীন ৭টি দপ্তরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং বাংলাদেশ পরমানু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারক সুষ্ঠু বাস্তবায়নে একসেস টু ইনফরমেশন (এটুআই) এর সাথে নিয়মিতভাবে যোগাযোগ স্থাপনে বাংলাদেশ পরমানু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে।

২। সার্ভিস ইনোভেশন ফান্ড প্রাপ্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ: একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর সার্ভিস ইনোভেশন ফান্ডের আওতায় "BAERA E-Service Center to Ensure Fast, Cost Effective and Quality Licensing and Other Services" সেবা চালুকরণের জন্য আবেদন করা হয়েছিল। গত ২৩ এপ্রিল ২০১৫ খ্রি. তারিখে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এর প্রতিনিধি দলের সাথে উক্ত বিষয়ে বাংলাদেশ পরমানু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়।

৩। অনলাইন সেবা চালুকরণ: আভ্যন্তরীণ ই-সেবার আওতায় বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের (ইন্ডাস্ট্রিয়াল ও এক্স-রে) প্রশিক্ষণ ও পরীক্ষার আবেদন অনলাইনে চালু করা হয়েছে ।

৪। ডিজিটাল ডকুমেন্টারি প্রদর্শন: গত ৯/০২/২০১৫ থেকে ১২/০২/২০১৫ খ্রি. পর্যন্ত অনুষ্ঠিত ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ প্রোগ্রামে প্রদর্শনের জন্য বাংলাদেশ পরমানু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের একটি ডিজিটাল ডকুমেন্টারি তৈরি করা হয়েছে। ডিজিটাল ডকুমেন্টারিটি প্রদর্শনের মাধ্যমে উক্ত প্রোগ্রামে আগত দর্শনার্থী ও স্টেকহোল্ডারদের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে।

৫। লিফলেট বিতরণ: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ প্রোগ্রামে বাংলাদেশ পরমাণু নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ অংশ গ্রহণ করে এবং এ প্রোগ্রামে বিতরণের জন্য বাংলাদেশ পরমানু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ থেকে একটি লিফলেট তৈরী করা হয়েছে। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ প্রোগ্রামে বাপশনিক এর লিফলেট বিতরণ করা হয়েছে।

৬। ওয়েব পোর্টাল সমৃদ্ধকরণ: জাতীয় তথ্য বাতায়নের অধীন নির্মিত অত্র প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালটি (baera.portal.gov.bd) নিয়মিতভাবে তথ্য সমৃদ্ধকরণ ও হালনাগাদ করা হচ্ছে। সেবা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি (বাংলাদেশ পরমানু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২, পানিবিনি বিধিমালা, ১৯৯৭, কর্মকর্তাদের তালিকা ও যোগাযোগের নম্বর, সকল প্রকার নোটিস, সিটিজেন চার্টার, টেন্ডার বিজ্ঞপ্তি, প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ইত্যাদি) এ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (www.baera.gov.bd) প্রকাশের মাধ্যমে স্টেকহোল্ডাররা খুব সহজেই কর্তৃপক্ষের সার্বিক কর্মকান্ড সর্ম্পকে অবহিত হতে পারছেন।

ন্যাশনাল ইনিস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি):

১। ইনোভেশন টিমের সভা: প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ের কম্পিউটার সেলে নিয়মিত প্রেরণ করা হয়েছে।

২। কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি: কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির জন্য ইনস্টিটিউটের বিভিন্ন পর্যায়ের গবেষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে সংশ্লিষ্ট বিষয়ে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসারে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫ প্রোগ্রামে অংশগ্রহণ: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৫-তে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন এনআইবি অংশগ্রহণ করে এবং উক্ত মেলায় এনআইবি'র গবেষণা কার্যক্রমের ভিডিওসহ আইসিটি সংক্রান্ত কার্যক্রম দর্শনার্থীদের সামনে উপস্থাপন করা হয়।

৪। জাতীয় তথ্য বাতায়নের অধীনে ওয়েব পোর্টাল প্রস্তুতকরণ: জাতীয় তথ্য বাতায়নের অধীনে এনআইবির ওয়েব পোর্টাল প্রস্তুত করা হয়েছে এবং উক্ত পোর্টাল প্রস্তুতকরণের নিমিত্ত ১ জন কর্মকর্তাকে প্রশিক্ষিত করা হয়েছে।

৫। উচ্চগতির ইন্টারনেট সেবা: এনআইবিতে 10Mbps গতিসম্পন্ন উচ্চগতির ইন্টারনেট সেবা চালুর ফলে দেশ বিদেশের হতে গবেষণা সংক্রান্ত বিভিন্ন তথ্য সংগ্রহসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য আদানপ্রদান সহজতর হয়েছে।

৬। সেবামুখী কার্যক্রম: এনআইবির গবেষকসহ দেশ বিদেশের বিভিন্ন পর্যায়ের ভোক্তাগণকে তথ্যসেবা প্রদানের লক্ষ্যে ইনস্টিটিউটের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকরণ চলমান রয়েছে।

৭। ডিজিটাল স্বাক্ষর প্রবর্তন: ডিজিটাল স্বাক্ষর প্রবর্তনের জন্য এনআইবি হতে ৫ জন কর্মকর্তাকে মনোনীত করে কর্মকর্তাগণের তথ্য নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। ইতোমধ্যে ৫ জন কর্মকর্তা এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

৮। জাতীয় ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (জিপি-ই) পোর্টালে অন্তর্ভূক্তি: জাতীয় ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট এ অন্তর্ভূক্তির জন্য ওয়েবসাইটের ঠিকানা ও একজন Contact person এর নাম এবং অফিস ডোমেইনে ডেজিগনেশন বেইজ্ড ই-মেইলসহ নির্ধারিত ছক মোতাবেক তথ্যাদি সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এ প্রেরণ করা হয়েছে।

৯। জাতীয় ই-সেবা সিস্টেম: এনআইবিতে জাতীয় ই-সেবা সিস্টেম সম্পূর্ণভাবে চালু করার জন্য এনআইবির সাংগঠনিক কাঠামো প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রযুক্তি প্রসার সেলে প্রেরণ করা হয়েছে।